

আমাদের সময়



আমাদের সময়, আপডেট: ২১ ০২-২০২২, অনলাইন



ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির সদ্য-নির্মিত শহীদ মিনার উদ্বোধন

মহান ভাষা আন্দোলনের শহীদদের শ্রদ্ধা নিবেদনের মাধ্যমে
ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির সদ্য-নির্মিত শহীদ মিনার উদ্বোধন



ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির সদ্য-নির্মিত শহীদ মিনার উদ্বোধন

মহান ভাষা আন্দোলনের শহীদদের শ্রদ্ধা নিবেদনের মাধ্যমে
ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির সদ্য-নির্মিত শহীদ মিনার উদ্বোধন
করা হয়েছে। রাজধানীর আফতাবনগরে নিজস্ব ক্যাম্পাসে অনন্য
স্থাপনায় নির্মিত এই শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে
মহান 'শহীদ দিবস' ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন
করা হয়।

আজ সোমবার সকালে বিশ্ববিদ্যালয়ের সবার অংশগ্রহণে এর
উদ্বোধন করেন ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ট্রাস্টি বোর্ডের
চেয়ারপার্সন, তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা সৈয়দ
মঞ্জুর এলাহী এবং বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা উপাচার্য ও

বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক ড. মোহাম্মদ ফরাস উদ্দিন। প্রভাতফেরী শেষে সংক্ষিপ্ত সমাবেশে ড.
ফরাসউদ্দিন বলেন, এই শহীদ মিনার নির্মাণের ফলে আমাদের শিক্ষার্থীরা সহজেই একুশের চেতনাকে ধারণ
করতে পারবে। তাদের মধ্যে দেশপ্রেমের আদর্শে সততার বীজ बोপিত হবে।

অনুষ্ঠানে শহীদদের আত্মার মাগফেরাত এবং বাংলাদেশের আরও সমৃদ্ধি কামনা করে দোয়া করা হয়। ইস্ট ওয়েস্ট
ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজ এর সদস্যবৃন্দ, উপ-উপাচার্য, কোষাধ্যক্ষসহ শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও